116

তারিখ ... 20 FEB 1994 ...
পৃষ্ঠা ... ১২ কলাম ... ২ ...

দৈনিক বাংলা

# কুলাউড়ায় ৫৪টি প্রাথমিক স্কুল শিক্ষকের পদ শূন্য

সিলেট ব্যুরো : মৌলবীবাজার জেলার কুলাউড়া থানার প্রাথমিক শিক্ষা নানাবিধ সমস্যা ও শিক্ষক সংকটের কারণে ব্যাহত হচ্ছে।

থানার একশ' ৯৩টি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৩০টি রেজিস্ট্রেশনবিহনি। থানার একশ' ৬৩টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ৫৪টিতে সহকারী শিক্ষকের পদ দীর্ঘদিন যাবৎ শূন্য রয়েছে। থানা শিক্ষা অফিসে নয়টি সহকারী থানা শিক্ষা কর্মকর্তার পদের মধ্যে তিনটি পদ শূন্য রয়েছে। চারটি কর্মচারী পদের মধ্যে দুইটি পদ শূন্য।

কুলাউড়া থেকে সংবাদদাতা নাসিরউদ্দিন রুহেল জানান, স্কুল ভবন ও প্রয়োজনীয় আসবাবপত্রের অভাবে থানার প্রাথমিক শিক্ষা মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে। সরকার ঘোষিত বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কার্যক্রম এসব সমস্যার কারণে বাস্তবায়ন করাও সম্ভব হচ্ছে -না।

**অভিভাবক সদস্য নির্বাচন**

কুলাউড়া থানার ফুলতলা ইউনিয়নের বশির উল্যা উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির অভিভাবক সদস্য পদের নির্বাচন ৬ ফেব্রুয়ারী অনুষ্ঠিত হয়। নির্বাচনে হাজী মোঃ আবদুস সামাদ, হাজী মোঃ আহর আলী, মোঃ ফছিরউদ্দিন ও মোঃ আবদুর রাজ্জাক নির্বাচিত হন।

**স্কুল সরকারীকরণের দাবি**

কুলাউড়া থানার নবীন চন্দ্র উচ্চ বিদ্যালয় ও অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় সরকারীকরণের দাবি জানিয়েছেন এলাকাবাসী। নবীন চন্দ্র উচ্চ বিদ্যালয় ১৯২৮ সালে প্রতিষ্ঠিত হয়। বর্তমানে স্কুলের ছাত্র-ছাত্রীর সংখ্যা প্রায় এগারশ'। থানাবাসীর শিক্ষার হার বাড়ানোর লক্ষ্যে উরোপক্ত দু'টি স্কুল সরকারীকরণ করার দাবি এলকাবাসী দীর্ঘদিন যাবৎ জানিয়ে আসছেন।

**শিক্ষকের মৃত্যুবার্ষিকী**

কুলাউড়া থানার ফুলতলা বশির উল্যা উচ্চ বিদ্যালয়ের শিক্ষক আবদুর রাজ্জাক-এর প্রথম মৃত্যুবার্ষিকী উপলক্ষে সম্প্রতি এক আলোচনা সভা ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়।

বিএনপি নেতা দরস মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন ইউসুফ আলী, নূর মিয়া, জমিরউদ্দিন, আবদুল মজিদ ও আম্বর আলী প্রমুখ।